তারিখ ..0 6. MAR..2016.. ...
পৃষ্ঠা ...১৪.. কলাম ৭... ......

যুগান্তর

# ঢাবি জিয়া হলে ছাত্রলীগের দু'গ্রুপে ধাওয়া-পাল্টাধাওয়া

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল ছাত্রলীগের দু'গ্রুপে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। রোববার রাতে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী কয়েকজন জানান, রাত সাড়ে ১২টার দিকে এশিয়া কাপ ফাইনাল খেলা দেখে হলের মাঠে শাখা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি এইচএম সাদ্দাম আল শামস তার কর্মীদের নিয়ে আড্ডা দিচ্ছিলেন। এ সময় শাখা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক ইউসুফ উদ্দীন খান অপূর্বের কর্মীরা তাদের ওপর হামলা করার চেষ্টা করেন। এ নিয়ে উভয়পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া হয়। হল সূত্রে জানা যায়, নতুন কমিটি গঠনের পূর্বে হল শাখা ছাত্রলীগের সভাপতি আবু সালমান প্রধান শাওনের রাজনীতি করত সাদ্দাম ও ইউসুফ। নতুন কমিটি গঠনকে কেন্দ্র করে তারা দু'ভাগে বিভক্ত হয়ে পড়ে। এর জেরে এ ঘটনা ঘটে থাকতে পারে। সাদ্দাম জানান, হামলার সময় ইউসুফের কর্মীরা তার ৪-৫ জন কর্মীকে মারধর করেছেন। বিষয়টি সম্পর্কে জানতে ইউসুফ উদ্দিন খানকে কয়েকবার ফোন করা হয়। কিন্তু তার মোবাইল ফোনটি বন্ধ থাকায় তার বক্তব্য নেয়া যায়নি। ঢাবি ছাত্রলীগ সভাপতি আবিদ আল হাসান যুগান্তরকে বলেন, ঘটনাটি তদন্ত করে যারা দোষী সাব্যস্ত হবে তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে।